যুগান্তর

APR. 28 2002

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ... 2 ...

# বগুড়া শাহ্ সুলতান কলেজে ছাত্রদলের প্যানেল পরিচিতি

উত্তরাঞ্চল ব্যুরো

বগুড়া সরকারি শাহ্ সুলতান কলেজ ছাত্র সংসদ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদলের প্যানেল পরিচিতি অনুষ্ঠান শনিবার সকালে কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। আগামী ৩০ এপ্রিল অনুষ্ঠিতব্য সংসদ নির্বাচনে শিমুল-হিটলু-সোহেল প্যানেলকে নির্বাচিত করার জন্য ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের সভাপতি মনির হোসেন ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, আগামীদিনে নৈরাজ্য ও সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন গড়তে ও শাহ্ সুলতান কলেজের উন্নয়নের জন্য ছাত্রদল মনোনীত প্রার্থীদের জয় সুনিশ্চিত করতে হবে। তিনি বলেন, ছাত্রদলের পূর্ণ প্যানেলকে জয়ী করার মধ্য দিয়ে বিএনপির ঘাঁটি বগুড়ার মর্যাদাকে আরও বৃদ্ধি করতে হবে।

ছাত্রদল শাহ্ সুলতান কলেজ শাখার আহ্বায়ক মো: আখতারুজ্জামান লাবলুর সভাপতিত্বে প্যানেল পরিচিতি অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি রেহেনা আকতার রানু, রুকশানা খানম মিতু, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম সম্পাদক আমিরুল ইসলাম আলিম, কফিল উদ্দিন, বগুড়া জেলা ছাত্রদলের সভাপতি হামিদুল হক চৌধুরী ও সাধারণ সম্পাদক সহিদ-উন-নবী সালাম।